

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৫৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস কোন কোন শ্রোতাকে এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীসটি হয়তো আমাদের উল্লেখিত আবূ কাতাদা রাদ্বিয়াল্লাহু আনহুর হাদীসের বিপরীত

ذِكْنُ خَبَرٍ قَدْ يُوهِمُ بَعْضَ الْمُسْتَمِعِينَ أَنَّهُ مُضادُّ لِخَبَرِ أَبِي قَتَادَةَ الَّذِي ذَكَرْنَاهُ

আরবী

1855 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا هُشَيْمٌ قَالَ: حَدَّثَنَا مَنْصُورُ بُنُ زَاذَانَ عَنِ الْوَلِيدِ بْنِ مُسْلِمٍ عَنْ أَبِي الصِّدِيقِ: عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: كُنَّا نَحْزِرُ فِي الْوَلِيدِ بْنِ مُسْلِمٍ عَنْ أَبِي الصِّدِيقِ: عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: كُنَّا نَحْزِرُ قِيامَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الظُّهْرِ وَالْعَصْرِ فَحَزَرْنَا قِيَامَهُ فِي الرَّكْعَتَيْنِ الْأُولَيَيْنِ عَلَى النِّصْفِ مِنْ ذَلِكَ الْأُولَيَيْنِ قِدْرَ الْأُخْرَيَيْنِ مِنَ الْعُصْرِ عَلَى قَدْرِ الْأُخْرَيَيْنِ مِنَ الظُّهْرِ وَحَزَرْنَا قِيَامَهُ فِي الرَّكْعَتَيْنِ الْأُخْرَيَيْنِ مِنَ الْعُصْرِ عَلَى قَدْرِ الْأُخْرَيَيْنِ مِنَ الظُّهْرِ وَحَزَرْنَا قِيَامَهُ فِي الرَّكْعَتَيْنِ الْأُولَيَيْنِ مِنَ الْعُصْرِ عَلَى قَدْرِ الْأُخْرَيَيْنِ مِنَ الْعُصْرِ عَلَى النِّصْفُ مِنْ ذَلِكَ

الراوي: أَبُو سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1855 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (766)

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: قَوْلُ أَبِي سَعِيدِ: (فَحَزَرْنَا قِيَامَهُ فِي الرَّكْعَتَيْنِ الْأُولَيَيْنِ قَدْرَ ثَلَاثِينَ آيَةً) يُضَادُ فِي الظَّاهِرِ قَوْلَ أَبِي قَتَادَةَ: (وَيُطِيلُ فِي الْأُولَى وَيُقَصِرُ فِي الثَّانِيَةِ) وَلَيْسَ ـ بِحَمْدِ اللَّهِ ومنِّه ـ كَذَلِكَ لِأَنَّ الرَّكْعَةَ الْأُولَى كَانَ يَقْرَأُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيهَا وَلَيْسَ ـ بِحَمْدِ اللَّهِ ومنِّه ـ كَذَلِكَ لِأَنَّ الرَّكْعَةَ الْأُولَى كَانَ يَقْرَأُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيهَا ثَلَاثِينَ آيَةً بِالتَّرْسِيلِ وَالتَّرْتِيلِ وَالتَّرْجِيعِ وَالرَّكْعَةَ الثَّانِيَةَ كَانَ يَقْرَأُ فِيهَا مِثْلَ قِرَاءَتِهِ فِي الْأُولَى بِلَا تَرْسِيلِ وَلَا تَرْجِيعِ فَتَكُونُ الْقِرَاءَتَانِ وَاحِدَةً وَالْأُولَى أَطُولُ مِنَ التَّانِيَةِ.

বাংলা



১৮৫৫. আবৃ সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমরা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যোহরের সালাতের প্রথম দুই রাকা'আতের কিয়াম অনুমান করতাম প্রত্যেক রাকা'আতে ৩০ আয়াত পরিমাণ; সূরা সাজদার সমান, আর শেষ দুই রাকা'আতে তার অর্ধেক। আসরের সালাতের প্রথম দুই রাকা'আতের কিরা'আত অনুমান করতাম, যোহরের শেষ দুই রাকা'আতের সমান। আর আসরের শেষ দুই রাকা'আত তার (প্রথম দুই রাকা'আতের) অর্ধেক।"[1]

আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "আবৃ সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহুর বক্তব্য "আমরা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যোহরের সালাতের প্রথম দুই রাকা আতের কিয়াম অনুমান করতাম ৩০ আয়াত পরিমাণ" এটি বাহ্যিকভাবে আবৃ কাতাদা রাদ্বিয়াল্লাহু আনহুর এই হাদীস "তিনি প্রথম রাকা আতে দীর্ঘ করতেন আর দিতীয় রাকা আতে খাটো করতেন"এর বিপরীত। কিন্তু আল্লাহর দয়ায় আমি বলি, আলহামদু লিল্লাহ। ব্যাপারটি এমন নয়। কেননা তিনি প্রথম রাকা আতের ৩০ আয়াত পড়তেন ধীরস্থিরভাবে, টেনে টেনে ও দ্বিরুক্ত করে করে আর দিতীয় রাকা আতেও অনুরুপ ৩০ আয়াত পড়তেন, তবে টেনে টেনে ও দ্বিরুক্ত করে করে নয়। কাজেই উভয় কিরা আতের আয়াত সংখ্যা এক হলেও প্রথম রাকা আত দ্বিতীয় রাকা আত অপেক্ষা দীর্ঘ ছিল।"

ফুটনোট

[1] মুসনাদ আবূ ইয়ালা: ১২৯২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩৫৫; মুসনাদ আহমাদ: ৩/২; সহীহ মুসলিম:৪৫২; বাগাবী: শারহুস সুন্নাহ: ৫৯৩; দারেমী: ১/৯৫; নাসাঈ: ১/২৩৭; আবূ আওয়ানা: ২/১৫২; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/২০৭; সহীহ ইবনু খুযাইমাহ: ৫০৯; দারাকুতনী: ১/৩৩৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৭৬৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন